



উন্নয়ন প্রকল্পের অর্থ জনস্বার্থে ব্যয়ের নির্দেশ প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

উন্নয়ন প্রকল্পে বরাদ্দ করা অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সরকারি কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জনগণের অর্থের প্রতিটি পয়সা যেন দেশের উন্নয়ন ও মানুষের কল্যাণে ব্যয় হয়, সে বিষয়ে সতর্ক থাকার তাগিদ দিয়েছেন তিনি।

রোববার (১১ অক্টোবর) সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের কার্যক্রম ও বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন।

সরকারি দায়িত্ব পালনের সুযোগকে জনসেবায় কাজে লাগানোর আহ্বান জানিয়ে তারেক রহমান বলেন, দেশের মোট জনসংখ্যার তুলনায় সরকারি দায়িত্বে থাকা ব্যক্তির বিভিন্ন সুযোগ-সুবিধা ভোগ করেন। তাই এই অবস্থানকে দেশের মানুষের কল্যাণে কাজে লাগানো উচিত।

সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের চলমান কার্যক্রম, বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং ভবিষ্যৎ পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত জানান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

মন্ত্রণালয়ের কার্যক্রমের অগ্রগতি নিয়ে ভবিষ্যতেও পর্যালোচনা সভা করার কথা জানান প্রধানমন্ত্রী। পরবর্তী বৈঠকগুলোতে কর্মকর্তারা যেন নিজেদের অভিজ্ঞতা, পর্যবেক্ষণ ও মতামত আরও খোলামেলাভাবে তুলে ধরেন, সেই প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি।

সভায় মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, সচিব দেলোয়ার হোসেনসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।